# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 20-10-2025** **Time: 1.30 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রতি বছরের মতো এবারও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সশস্ত্র সেনার সঙ্গে দীপাবলি উদযাপন করেছেন।

# আই এন এস বিক্রান্তের কী ক্ষমতা অপারেশন সিন্দুরের সময় পাকিস্তান তা টের পেয়েছে বলে তিনি মন্তব্য করেন।

২) উৎসবের মরশুমে প্রধানমন্ত্রী, দেশের মানুষকে স্বদেশী পণ্য কেনার আহ্বান জানিয়েছেন।

৩) সারা দেশের গোটা বিশ্বে আজ আলোর উৎসব দীপাবলি উদযাপিত হচ্ছে।
# রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী, সকলকে দীপাবলির শুভেচ্ছা জানিয়েছেন।

৪) বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্বের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার প্রক্রিয়া আজ শেষ হচ্ছে।

# প্রথম পর্যায়ে মনোনয়ন পত্র প্রত্যাহারের আজই শেষ দিন।

৫) ইয়েমেনের আদেন উপকূলে ক্যামেরুণের পতাকাবাহী একটি দুর্ঘটনাগ্রস্ত জাহাজ থেকে ২৩ জন ভারতীয় ক্রু সদস্যকে উদ্ধার করা হয়েছে।

৬) ভারতের আবহাওয়া দফতর (আইএমডি) আজ কেরালা ও মাহের কিছু অংশে ভারী বৃষ্টির পূর্বাভাষ জারি করেছে।

oooooooooooooooooooooo

প্রতি বছরের মতো এবারও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সশস্ত্র সেনার সঙ্গে দীপাবলি উদযাপনের প্রথা বজায় রেখেছেন। গোয়া ও কাড়ওয়াড় উপকূলে আই এন এস বিক্রান্তে নৌসেনা কর্মীদের সঙ্গে আলোর এই উৎসব উদযাপন করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন নৌসেনার কর্মীদের সঙ্গে দ্বিপাবলি উদযাপন করতে পেরে তিনি আনন্দিত। প্রসঙ্গত, গত বছর শ্রী মোদী স্যার ক্রিকে মোতায়েন সৈন্যদের সঙ্গে দীপাবলি উদযাপন করেছিলেন।

BYTE-DIWALI

এদিন প্রধানমন্ত্রী বলেন অপারেশন সিন্দুরের সময় তিন প্রতিরক্ষা বাহিনীর বীরত্ব পাকিস্তানকে আত্মসমর্পণ করতে বাধ্য করেছিল। তিনি বলেন, ভারতের প্রথম স্বদেশী পদ্ধতিতে তৈরি বিমানবাহী জাহাজ আইএনএস বিক্রান্ত ভারতের সশস্ত্র বাহিনীর সক্ষমতা প্রতিফলিত করে। তিনি বলেন, আইএনএস বিক্রান্ত কেবল একটি যুদ্ধজাহাজ নয়; এটি একবিংশ শতাব্দীর ভারতের ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধির প্রমাণ। উল্লেখ্য, পহেলগামে চলতি বছরের ২২ এপ্রিল এক ভয়াবহ সন্ত্রাসবাদী হামলার জবাবে ভারতীয় সশস্ত্র বাহিনী, গত ৭ মে অপারেশন সিন্দুর অভিযান চালিয়ে পাক-অধিকৃত কাশ্মীর এবং পাকিস্তান জুড়ে একাধিক সন্ত্রাসবাদী পরিকাঠামো ধ্বংস করে। প্রধানমন্ত্রী নিরাপত্তা বাহিনীর বীরত্ব এবং দৃঢ়তার প্রশংসা করে বলেন তারা মাওবাদী সন্ত্রাসবাদকে নির্মূল করে দেশের মানুষকে রক্ষা করেছে।

(BYTE-SINDUR)

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৪০ কোটি ভারতবাসীর কঠোর পরিশ্রমকে সম্মান জানাতে উৎসবের মরশুমে স্বদেশী পণ্য কেনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। সামাজিক বার্তায় নাগরিকরা, কি কি পণ্য কিনছেন তা পোষ্ট করতে বলেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, এর ফলে অন্যরাও একইভাবে উৎসাহিত হবেন। ‘মাই

গভঃ ইন্ডিয়া' এক পোস্টের জবাবে তিনি জোরের সঙ্গে ভারতীয় পণ্য কেনার প্রয়োজনের কথা তুলে ধরে এই ঘোষণা করতে বলেন- গর্বের সঙ্গে বলুন এই পণ্য স্বদেশে তৈরি।

দেশজুড়ে স্থানীয় শিল্প ও কারিগরদের যে আন্দোলন শুরু হয়েছে, প্রধানমন্ত্রীর এই আবেদন আত্মনির্ভরতা এবং অর্থনৈতিক ক্ষমতায়নের বার্তাকে পুনরায় প্রতিষ্ঠিত করেছে। এই উদ্যোগকে সমর্থন জানিয়ে 'মাই গভঃ ইন্ডিয়া' একটি বিশেষ প্রচার অভিযানের সূচনা করেছে, যার নাম দেওয়া হয়েছে- 'দীপাবলি উদ্‌যাপন করুন, স্বদেশী পণ্যকে উৎসাহিত করুন'। নাগরিকদের এই উৎসবের মরশুমে শুধুমাত্র স্বদেশী পণ্য কেনার আর্জি জানানো হয়েছে। এর ফলে স্থানীয় কারিগররা উৎসাহিত হবেন এবং তাঁদের কাজকর্মের মাধ্যমে জীবিকা নির্বাহে সমর্থ হবেন, যা সাংস্কৃতিক ও অর্থনৈতিক বৈচিত্রকে তুলে ধরবে। 'মাই গভঃ ইন্ডিয়া'-য় তিনি নাগরিকদের 'ভোকাল ফর লোকাল'-এর জন্য আগ্রহী হওয়ার পরামর্শ দেন। এর লক্ষ্য হল, ক্রেতাদের মধ্যে সচেতনতা তৈরীর পাশাপাশি স্বদেশী পণ্যের জন্য গর্বিত হওয়ার মানসিকতা।

ভারতের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে স্বদেশী আন্দোলন ওতোপ্রতোভাবে জড়িত। সাম্প্রতিক বছরগুলিতে এই আন্দলন আরো গতি পেয়ে সরকারের আত্মন্ররভর ভারতের উদ্যোগকে আরো গতিশীল করে তুলেছে। দেশজ পণ্য ক্রয়ের মধ্য দিয়ে স্থানীয় অর্থনীতিকে মজবুত করার উদ্যোগ বৃদ্ধি পাবে। পাশাপাশি কর্মসংস্থান ও রপ্তানিকৃত পণ্যের প্রতি নির্ভরতা কমবে।

oooooooooooooooooooooooooo

আলোর উৎসব দীপাবলি দেশজুড়ে উৎসাহ ও উল্লাসের মধ্য দিয়ে আজ পালিত হচ্ছে। অশুভের উপর ভালোর জয়ের প্রতীক এই উৎসবে ঘরবাড়ি, মন্দির এবং অন্যান্য স্থান আলোকিত করে উদযাপন করা হয়। এই উপলক্ষে মানুষ সম্পদের দেবী লক্ষ্মীরও পূজা করে।

বিভিন্ন শহরের রাস্তাঘাট এবং বাজারগুলি রঙিন আলো এবং ফুল দিয়ে সজ্জিত করা হয়েছে। জাতীয় রাজধানী দিল্লিতে, দীপাবলি উদযাপনের জন্য স্বদেশী জিনিসপত্র সহ বিভিন্ন বাজারে বিপুল সংখ্যক মানুষকে ভিড় করতে দেখা যাচ্ছে।

এই উৎসবকে সামনে রেখে, দিল্লি পুলিশ শহরজুড়ে বিস্তৃত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। সকল বাসিন্দার জন্য একটি নিরাপদ উৎসব নিশ্চিত করার জন্য, গুরুত্বপূর্ণ বাজার, জনবহুল স্থান, এবং বাণিজ্যিক কেন্দ্রগুলিতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রেলওয়ে স্টেশন এবং আন্তঃরাজ্য বাস টার্মিনাল সহ ব্যস্ত বাজার এবং উৎসবের সময় প্রচুর লোক সমাগম হয় এমন স্থানগুলিতে নিয়মিতভাবে নাশকতা বিরোধী তল্লাশি চালানো হচ্ছে।

অন্যদিকে, গতকাল থেকেই দীপাবলিতে মেতে উঠেছে সমগ্র হায়দ্রাবাদ। শহরের বাজার এবং শপিং সেন্টারগুলিতে জনসমাগম ছিল। মিষ্টির দোকান, উপহারের দোকান, ফুলের বাজার, গহনার দোকান, মলগুলিতে প্রচুর ভিড় লক্ষ্য করা গেছে। হায়দ্রাবাদের প্রায় সমস্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান, ব্যক্তিগত বাড়ি, অ্যাপার্টমেন্ট এবং অফিসগুলি দীপাবলির উৎসবের চেতনাকে স্বাগত জানিয়ে রঙিন আলোয় আলোকিত হয়েছে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ দীপাবলি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি মুর্মু তার বার্তায় বলেছেন, দীপাবলি ভারতের অন্যতম জনপ্রিয় উৎসব এবং অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে তা পালিত হয়। তিনি আরও বলেন, এই উৎসব অন্ধকারের উপর আলোর, অজ্ঞতার উপর জ্ঞানের এবং মন্দের উপর ভালোর জয়ের প্রতীক। দীপাবলি আত্ম-প্রতিফলন এবং আত্ম-উন্নতির একটি উপলক্ষ। সেইসঙ্গে, পারস্পরিক স্নেহ ও ভ্রাতৃত্বের বার্তা দেয় এই আনন্দের উৎসব । রাষ্ট্রপতি সকলকে নিরাপদে, দায়িত্বশীলভাবে এবং পরিবেশবান্ধব পদ্ধতিতে দীপাবলি উদযাপন করার আহ্বান জানিয়েছেন।

অন্যদিকে, উপরাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ, সকলের শান্তি, সমৃদ্ধি এবং সুস্বাস্থ্য কামনা করে দেবী লক্ষ্মীর কাছে আশীর্বাদ প্রার্থনা করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স হ্যান্ডেলে এক বার্তায় দেশের নাগরিকদের দীপাবলির শুভেচ্ছা জানিয়ে সুখ, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করেছেন।
কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্‌ আজ দীপাবলি উপলক্ষে সকল নাগরিককে শুভেচ্ছা জানিয়েছেন।

সমাজ মাধ্যমের এক পোস্টে, শ্রী শাহ্‌ দেশবাসীর সমৃদ্ধি এবং সুস্বাস্থ্যের জন্য ভগবান রামের কাছে প্রার্থনা করেছেন।

oooooooooooooooooooooo

বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া আজ শেষ হচ্ছে। ২৪৩-টি আসনের মধ্যে এই দফায় ২০-টি জেলার ১২২-টি আসনে আগামী ১১-ই নভেম্বর ভোট নেওয়া হবে। এখনও পর্যন্ত বিভিন্ন রাজনৈতিক দল এবং নির্দল প্রার্থী মিলিয়ে দ্বিতীয় দফার জন্য ১৬৬-টি মনোনয়ন জমা পড়েছে।

এদিকে, আজই প্রথম দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের শেষদিন। এই দফায় আগামী ৬-ই নভেম্বর ১৮-টি জেলার ১২১-টি আসনে ভোট নেওয়া হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, প্রথমপর্বের জন্য ১৩৭৫-টি মনোনয়নকে বৈধ বলে ঘোষণা করা হয়েছে। এর মধ্যে মহিলা প্রার্থীর সংখ্যা ১৪৭।

কংগ্রেস রাজ্যের বিধানসভা ভোটের জন্য ৬ জনের নাম সম্বলিত তৃতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। এই নিয়ে কংগ্রেসের ৬০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছে।

অন্যদিকে, রাজ্যে আদর্শ আচরণবিধি কার্যকর হওয়ার পর থেকে বিভিন্ন আইন বলবৎকারী সংস্থা এবং নজরদারী দল তল্লাশি চালিয়ে ২৩ কোটি ৪১ লক্ষ টাকার বেশি মদ ও ১৭ কোটি টাকার মাদক উদ্ধার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬-শে অক্টোবর আকাশবাণীতে ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও ‘মন-কি-বাত’ সম্প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

৩৩ টি জীবন দায়ী ওষুধ এবং ক্যান্সার ও বিরল রোগের তিনটি গুরুত্বপূর্ণ ওষুধে জি এস টি এখন সম্পূর্ণরূপে মুকুব করা হয়েছে এবং অন্যান্য সব ধরনের ওষুধের ওপর জিএসটি ১২% থেকে কমে 5% হয়েছে।। এর ফলে উপকৃত হয়েছেন সাধারণ মানুষ। সরকারের এই পদক্ষেপ কে ধন্যবাদ জানিয়ে হুগলির বাসিন্দা দেবলীনা চৌধুরী বলেন, এর ফলে সাধারণ মধ্যবিত্ত মানুষের মাসের খরচ অনেকটাই কমেছে।

( বাইট )

০০০০০০০০০০০০০০০০০০০

ইয়েমেনের আদেন উপকূলে ক্যামেরুণের পতাকাবাহী এল পি জি ট্যাঙ্কার এম ভি প্যালকনে বিস্ফোরণের ফলে আগুন লেগে যাওয়া জাহাজ থেকে ২৩ জন ভারতীয় ক্রু সদস্যকে উদ্ধার করা হয়েছে। দক্ষিণ-পূর্ব আদেনের ১১৩ নটিক্যাল মাইল দূর দিয়ে যাওয়ার সময় জিবুতিগামী ওই জাহাজটিতে বিস্ফোরণ ঘটে। এর কারণ অবশ্য জানা যায়নি।

ইউরোপীয় ইউনিয়নের নৌ সংক্রান্ত বাহিনী সূত্রের খবর প্রাথমিকভাবে জাহাজটি থেকে ২৪ জনকে উদ্ধার করা হয়। জার মধ্যে ২৩ জনই ভারতীয়। ২ জন ক্রু সদস্য এখনও নিখোঁজ। আরও একজন ওই জাহাজেই রয়েছেন বলে জানা যাচ্ছে।

oooooooooooooooooooo

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী জানিয়েছেন নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করতে ভারতীয় সেনাবাহিনী সম্পূর্ণ প্রস্তুত। তিনি 'ব্যক্তির আগে দেশ" নীতিকে আদর্শ হিসাবে বিবেচনা করার আহ্বান জানিয়েছেন। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ অঞ্চলগুলিতে বাহিনীর কর্মক্ষমতা মূল্যায়ন, সৈন্যদের অনুপ্রাণিত এবং সামরিক-অসামরিক সম্পর্ক জোরদার করতে জেনারেল দ্বিবেদী কেন্দ্রীয় সেক্টরের বেশকিছু সেনাপোস্ট পরিদর্শন করেন। প্রবীণ এবং স্থানীয় সম্প্রদায়ের সঙ্গেও মতবিনিময় করেন তিনি। পরিদর্শনের সময় সেনাপ্রধান পিথোরাগড় এবং পার্বত্য এলাকার সংলগ্ন পোস্টেগুলিতে মোতায়েন থাকা বাহিনীর কাঠামো পর্যালোচনা করেছেন।

প্রত্যন্ত অঞ্চলে নিযুক্ত সেনাকর্মীদের সঙ্গে মতবিনিময় করার পাশাপাশি, জেনারেল দ্বিবেদী কঠিন আবহাওয়া এবং রুক্ষ ভূখণ্ডেও সাহস এবং কর্তব্যের প্রতি তাঁদের নিষ্ঠার প্রশংসা করেছেন। কুমায়ুন অঞ্চলের কৌশলগত গুরুত্বের কথাও তুলে ধরেন তিনি।

oooooooooooooooooooooo

বালুচিস্তানের কোয়েটা, পাঞ্জগুর, খারান এবং মাস্তুং জেলায় ধারাবাহিক অভিযানের সময় পাকিস্তানি সশস্ত্র বাহিনী দুই ছাত্রসহ কমপক্ষে আঠারো জনকে আটক করে অজ্ঞাত স্থানে নিয়ে গেছে বলে জানা গেছে। স্থানীয় সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, শুক্রবার গভীর রাতে কোয়েটার ব্রুয়ারির এসা নাগরি এলাকা থেকে দুই বালুচ ছাত্রকে আটক করা হয়। অভিযোগ, কোনও রকম পরোয়ানা ছাড়াই ওই দুই ছাত্রকে পরে গ্রেপ্তার করা হয়।

পাকিস্তানের মানবাধিকার কমিশন (এইচআরসিপি) এবং অন্যান্য পর্যবেক্ষণ সংস্থাগুলি এভাবে ক্রমবর্ধমান নিখোঁজের ঘটনার নিন্দা করে বলেছে এ ধরনের কাজ আইন এবং নৈতিকতার স্পষ্ট লঙ্ঘন।

ooooooooooooooooooooooo

রাষ্ট্রসঙ্ঘের 24 জন কর্মচারীকে ইয়েমেনের রাজধানী সানায় আটক করেছে হুথিরা। ইয়েমেনে রাষ্ট্রসংঘের সংস্থার মুখপাত্র Jean Alam জানিয়েছেন, সানার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় হাদা এলাকায় ওই কর্মীদের রাখা আটক করা হয়েছে। তাঁরা বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP), ইউনিসেফ সহ রাষ্ট্রসংঘের অন্যান্য সংস্থার সদস্য বলে জানা গেছে। আটক হওয়া ব্যাক্তিদের মধ্যে অন্তত পাঁচজন ইয়েমেনি নাগরিক রয়েছেন।
এই পরিস্থিতি সমাধানে রাষ্ট্রসংঘ হুথিদের সঙ্গে সরাসরি যোগাযোগ করেছে বলে Alam জানিয়েছেন।

ooooooooooooooooooooooo

ভারতের আবহাওয়া দফতর (আইএমডি) আজ কেরালা,তামিলনাড়ু, কর্ণাটকের কিছু অংশে ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করেছে। আগামী ২-৩ দিন মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে মাহে, অন্ধ্রপ্রদেশ, লক্ষদ্বীপ, পদুচেরির একাংশে। এছাড়াও বর্জ্র বিদ্যুৎ ও ঝোড়ো হাওয়ার পূর্বাভাস রয়েছে ওড়িশা, ঝাড়খণ্ড, ছত্তিশগড়, গোয়া, কোঙ্কণ, মধ্য মহারাষ্ট্র, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা ও তেলাঙ্গানার কিছু অংশে।

ooooooooooooooooooooooo